দৈনিক সংবাদ

২/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ১১ ... কলাম ... ৩ ......

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'কানাডায় উচ্চশিক্ষা' বিষয়ে সেমিনার

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'কানাডায় উচ্চশিক্ষা' বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয় গত ৩০শে অক্টোবর। সেমিনারে কানাডীয় হাইকমিশনার ডেভিড প্রেস্টন প্রধান অতিথি এবং বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট মঞ্জুর এলাহী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে বিভাগীয় প্রধানদের সঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মনোয়ারুল ইসলাম, রেজিস্ট্রার ফেরদৌস আলী এবং অনুষদগুলোর ডিন ড. সুলতান আহমদ উপস্থিত ছিলেন। সেমিনারে কানাডীয় হাইকমিশনের অ্যাকাডেমিক কাউন্সিলর শাহীন ইসলাম এ বিষয়ে একটি 'কী নোট' পেপার উপস্থাপন করেন।

উপাচার্য স্বাগত বক্তব্যে এ বিশ্ববিদ্যালয়ের ইতিবৃত্ত ছাড়াও কারিকুলাম, অনুষদসমূহ, ছাত্রছাত্রীদের বিষয়ে উল্লেখ করে জানান, বিশ্ববিদ্যালয় তার কোর্স ক্যারিকুলাম এবং উচ্চমানের শিক্ষার কারণে দেশে-বিদেশে বেশ সুনাম অর্জন করেছে। তিনি আশা প্রকাশ করেন, এ সেমিনার বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কানাডায় শিক্ষালাভে সহায়তা করবে। প্রেস্টন জানান, কানাডায় শিক্ষাখাতে ব্যয় বিশ্বের ধনী দেশগুলোর মধ্যে সর্বাধিক। কানাডার শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ডিগ্রি সারাবিশ্বে সমাদৃত এবং সেখানকার ডিগ্রিধারীরা বিশ্বের যেকোন জায়গায় তাদের ক্যারিয়ার গড়তে পারে। তিনি আশা প্রকাশ করেন, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা কানাডায় লেখাপড়ার সুযোগ নিয়ে তাদের জীবনের অভীষ্ট লক্ষ্যে পৌছাতে পারবে।

সেমিনারে অত্র বিশ্ববিদ্যালয়ের বিপুল-সংখ্যক ছাত্রছাত্রী উপস্থিত ছিল। সংবাদ বিজ্ঞপ্তি।